প্রথম আলো

তারিখ ১৮ AUG 2015
পৃষ্ঠা ১৫ কলাম ৯

# অস্ট্রেলিয়ার বিশ্ববিদ্যালয়ের সঙ্গে কাজ করবে এটুআই

তথ্যপ্রযুক্তি ও উদ্ভাবন নিয়ে কাজ করবে অ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই) প্রকল্প এবং অস্ট্রেলিয়ার গ্রিফিথ বিশ্ববিদ্যালয়। এ বিষয়ে রোববার প্রতিষ্ঠান দুটির মধ্যে চুক্তি হয়েছে। বাংলাদেশে ই-শিক্ষা, ই-বর্জ্য ব্যবস্থাপনা, ই-নেতৃত্বসহ তথ্যপ্রযুক্তি এবং উদ্ভাবন নিয়ে প্রতিষ্ঠান দুটি একসঙ্গে কাজ করবে। চুক্তিপত্রে সই করেন এটুআইয়ের প্রকল্প পরিচালক কবির বিন আনোয়ার এবং গ্রিফিথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ডেভিড টাফলে। খবর বিজ্ঞপ্তির।

এ চুক্তির বাস্তবায়ন হলে বাংলাদেশের তথ্যপ্রযুক্তি ও উদ্ভাবন নিয়ে গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন কর্মসূচি পরিচালিত হবে—যা সরকারের বিভিন্ন সেবা জনগণের কাছে পৌঁছে দিতে ভূমিকা রাখবে। পাশাপাশি গ্রিফিথ বিশ্ববিদ্যালয় তথ্যপ্রযুক্তির ক্ষেত্রে বাংলাদেশের অর্জনগুলো তাদের পাঠক্রমে যুক্ত করবে এবং তথ্যপ্রযুক্তি বিষয়ে অস্ট্রেলিয়ায় প্রশিক্ষণ প্রদান করবে।

অনুষ্ঠানে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম বলেন, 'ডিজিটাল বাংলাদেশের এ অগ্রগতির কারণে উন্নয়নশীল দেশগুলোর কাছে বাংলাদেশ একটি মনোযোগের বিষয় হয়ে দাঁড়িয়েছে।' চুক্তি সইয়ের সময় অস্ট্রেলীয় হাইকমিশনের চার্জ দ্য অ্যাফেয়ার্স লুচিন্ডা বেল, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব মো. আবুল কালাম আজাদসহ অনেকে উপস্থিত ছিলেন।